ব্যয় নিয়ন্ত্রণ ও অভ্যন্তরীণ নিরীক্ষা অনুবিভাগ

ব্যয় নিয়ন্ত্রণ ও অভ্যন্তরীণ নিরীক্ষা অনুবিভাগ

ব্যয় নিয়ন্ত্রণ ও অভ্যন্তরীণ নিরীক্ষা অনুবিভাগ সরকারের রাজস্ব বাজেটভুক্ত ও বাজেট বর্হিভূত যাবতীয় ব্যয় নিয়ন্ত্রণসহ সার্বিক আর্থিক শৃংখলা ও আর্থিক ব্যবস্থাপনা যথাযথভাবে পালিত হচ্ছে কিনা তা মূল্যায়ন করে থাকে। এ অনুবিভাগ থেকে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ ও অধীনস্ত অধিদপ্তর/পরিদপ্তরসমূহের সাংগঠনিক কাঠামোর আওতায় ও কাঠামোর অতিরিক্ত নতুন পদ সৃজন, অস্থায়ী পদ সংরক্ষণ, সরঞ্জাম তালিকা পরিবর্তন/পরিবর্ধন, পদ উন্নীতকরণ, অস্থায়ী পদসমূহ সরকারের বিধি-বিধানের আলোকে স্থায়ীকরণ ও নবায়ন, পদবী পরিবর্তন ইত্যাদি প্রস্তাবে সম্মতি/মতামত প্রদান করা হয়ে থাকে। আর্থিক ক্ষমতা বিকেন্দ্রিকরণ, সমাপ্ত উন্নয়ন প্রকল্পসমূহের পদ রাজস্বখাতে স্থানান্তর, সরকারি অফিসসমূহের জন্য বিভিন্ন ধরনের যানবাহনের মূল্য নির্ধারণ, বেসরকারি বাড়ি ভাড়াকরণ ও ভাড়ার হার নির্ধারণ সংক্রান্ত প্রস্তাব, বেসরকারি স্কুল/কলেজসমূহ জাতীয়করণের লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক পদ সৃষ্টি/সংরক্ষণ, সম্পর্কিত প্রস্তাবসমূহ পরীক্ষা-নীরিক্ষাপূর্বক মতামত প্রদান করা হয়। ২০১৬-১৭ অর্থ বছরে এ অনুবিভাগের উল্লেখযোগ্য সম্পাদিত কার্যাবলী নিম্নে দেয়া হলোঃ

পদ সৃজন/সংরক্ষণ/স্থানান্তর/স্থায়ীকরণের সার-সংক্ষেপ

- বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ ও অধীনস্ত অফিসসমূহের ১ম শ্রেণির-৪,৭৪৫টি, ২য় শ্রেণির-৩,৭৫৪টি, ৩য় শ্রেণির-১১,২৭৫টি এবং ৪র্থ শ্রেণির-৫,৪২৩টি পদসহ মোট ২৫,১৯৭টি পদ সৃজনে সম্মতি প্রদান
- বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ ও অধীনস্ত অফিসসমূহের ১ম শ্রেণির-৭০০টি, ২য় শ্রেণির-৭২২টি, ৩য় শ্রেণির-১,২২৮টি, এবং ৪র্থ শ্রেণির-১,৩৩৯টি পদসহ মোট ৩,৯৮৯টি পদ সংরক্ষণে সম্মতি প্রদান
- বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ ও অধীনস্ত অফিসসমূহের ১ম শ্রেণির-৩,৩০৭টি, ২য় শ্রেণির-৫,২৮৩টি, ৩য় শ্রেণির-৫৪,৩৩০টি, এবং ৪র্থ শ্রেণির-১১,৬৬৩টি পদসহ মোট ৭৪,৫৮৩টি পদ স্থায়ীকরণে সম্মতি প্রদান
- বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ ও অধীনস্ত অফিসসমূহের ১ম শ্রেণির-৩১টি, ২য় শ্রেণির-১৫টি, ৩য় শ্রেণির-৮৬টি এবং ৪র্থ শ্রেণির-৫৬টি পদসহ মোট ১৮৮টি পদ বিলুপ্তকরণে সম্মতি প্রদান

পদ উন্নীতকরণ

- বাংলাদেশ বিমান বাহিনীতে নিয়োজিত 'আর্মড ফোর্সেস নার্সিং সিস্টার' পদবীর নার্সদের পদমর্যাদা ৩য় শ্রেণি হতে ২য় শ্রেণিতে উন্নীতকরণ
- তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন বাংলাদেশ হাইটেক পার্ক কর্তৃপক্ষের ব্যবস্থাপনা পরিচালকের পদটি ২য় গ্রেড হতে ১ম গ্রেডে উন্নীতকরণ
- জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার বেতন ৭ম গ্রেড হতে ৬ষ্ঠ গ্রেডে উন্নীতকরণ এবং উপ-পরিচালক (মহিলা বিষয়ক) পদনাম পরিবর্তন করে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার বেতন ১০ম গ্রেড হতে ৯ম গ্রেডে উন্নীতকরণ
- মহিলা বিষয়ক অধিদপ্তরের প্রোগ্রাম অফিসারের বেতন ১০ম গ্রেড হতে ৯ম গ্রেডে উন্নীতকরণ
- আনসার ও ভিডিপি অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালকের পদ গ্রেড-৩ হতে গ্রেড-২ এবং উপ-মহাপরিচালকের পদ গ্রেড-৪ হতে গ্রেড-৩ এ উন্নীতকরণ

অফিস সরঞ্জামাদি ও যানবাহন প্রতিস্থাপন/টিওএন্ডইতে অন্তর্ভুক্তকরণ/ক্রয়

- বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তরের অনুকূলে ৯১টি জীপ, ৩৯টি মাইক্রোবাস, ২টি পিকআপ , ১০৪টি কার, ১৪টি বাস, ১৬৪টি মোটর সাইকেল, ২টি এ্যাম্বুলেন্সসহ আরো ১,২৪৮টি বিভিন্ন ধরনের যানবাহন ক্রয়ে সম্মতি/মতামত প্রদান
- বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থার অনুকূলে ২২টি জীপ, ৪টি মাইক্রোবাস, ২টি পিক আপ ভ্যান, ৫৫টি কার, ১০টি বাস, ২৫০টি মোটর সাইকেল, ৬৫টি কেবিন ক্রুজারসহ আরো ৫৪০ টি বিভিন্ন ধরনের যানবাহন টিওএন্ডইতে অন্তর্ভুক্তিকরণে সম্মতি/মতামত প্রদান
- বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তরের অনুকূলে মোট ৪৬টি কম্পিউটার, ৫টি মোবাইল ট্র্যাকার, ১টি অটোকার ওয়াশিং মেশিন এবং ৬৪৪টি বিভিন্ন ধরনের অফিস সরঞ্জামাদি টিওএন্ডইতে অন্তর্ভুক্তিকরণে সম্মতি/মতামত প্রদান

অন্যান্য কার্যাবলী

- দেশের প্রতিটি উপজেলায় ন্যূনতম একটি করে সরকারি মহাবিদ্যালয় এবং একটি করে মাধ্যমিক বিদ্যালয় নিশ্চিতকরণ সংক্রান্ত মাননীয় প্রধানমন্ত্রীর নীতিগত সিদ্ধান্তের প্রেক্ষিতে ২৮৬ টি বেসরকারি কলেজ এবং ৪২টি বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় /উচ্চ বিদ্যালয় জাতীয়করণে অনাপত্তি জ্ঞাপন
- জাতীয় রাজস্ব বোর্ডের আওতাধীন বিভিন্ন বিভাগ ও কর অঞ্চলসমূহ এবং বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন সরকারি অফিসের জন্য বেসরকারি ৯৫টি বাড়ি ভাড়াকরণে অর্থ বিভাগের সম্মতি প্রদান
- বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহের অফিস ভাড়া এবং মিশনসমূহে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের বাড়ি ভাড়া সংক্রান্ত ৬৮টি প্রস্তাবে অর্থ বিভাগের অনুমোদন
- স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন দেশের ৩৩টি জেলা সদর হাসপাতাল এবং ৩৩৯টি উপজেলা হাসপতালে মোট ১১,১৯৫টি শয্যা সংখ্যা বৃদ্ধিকরণে ভূতাপেক্ষভাবে অর্থ বিভাগের অনুমোদন প্রদান
- স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরোসায়েন্সস হাসপাতালে শয্যা সংখ্যা ৩০০ হতে ৩৫০-এ উন্নীতকরণ এবং গোপালগঞ্জ জেলাধীন মুকসুদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে শয্যা সংখ্যা ৩১ হতে ৫০-এ উন্নীতকরণে সম্মতি/মতামত প্রদান
- যৌথ নদী কমিশন, বাংলাদেশকে পানি সম্পদ মন্ত্রণালয়ের অধীনস্ত একটি সংযুক্ত দপ্তর হিসেবে ঘোষণার বিষয়ে অর্থ বিভাগের অনাপত্তি জ্ঞাপন
- মাদারীপুর জেলার কালকিনি উপজেলার ডাসার থানাকে উপজেলায় উন্নীতকরণে অর্থ বিভাগের সম্মতি প্রদান
- স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন প্রতিষ্ঠানের পরিসংখ্যান কাজে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারী পদনাম পরিবর্তনে সম্মতি প্রদান
- নবসৃষ্ট বাংলাদেশ দূতাবাস চেন্নাই, আলজেরিয়া ও গৌহাটির বিভিন্ন শ্রেণীর কর্মকর্তা ও কর্মচারীদের বৈদেশিক ও আপ্যায়ন ভাতার হার নির্ধারণ
- পররাষ্ট্র মন্ত্রণালয়ের নবসৃষ্ট ১০টি মিশনে বদলিজনিত কারণে ব্যক্তিগত মালামাল পরিবহন ব্যয়ের হার নির্ধারণে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন
- বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশনসমূহে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের সন্তানদের শিক্ষা ভাতা প্রাপ্যতার বয়স সীমা ২১ বছর থেকে বৃদ্ধি করে ২৩ বছর অথবা স্নাতক ডিগ্রী সম্পন্ন হওয়ার মধ্যে যেটি আগে ঘটবে সে পর্যন্ত নির্ধারণে অর্থ বিভাগের সম্মতি প্রদান
- “সরকারী টেলিফোন ও ইন্টারনেট নীতিমালা-২০১৬” এর উপর অর্থ বিভাগের মতামত প্রদান
- জেলা প্রশাসক সম্মেলন-২০১৬ এর জন্য ১৮,৩২,৬০০ টাকা ব্যয় নির্বাহে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন
- 3rd ABU Media Summit on Climate Change and Disaster Risk Reduction 2017 এবং Network of Aquaculture Centers in Asia-Pacific (NACA)-এর 28th Governing Council Meeting (GCM) আয়োজন উপলক্ষে অতিরিক্ত ২০২.৫০ লক্ষ টাকা ব্যয়ের অনুমোদন
- গত ৫-৭ ফেব্রুয়ারি, ২০১৭ তারিখে অনুষ্ঠিত ই-৯ সম্মেলনের জন্য প্রস্তাবিত ব্যয় বিভাজন অনুসারে মোট ৩৬৭.৪ লক্ষ টাকা ব্যয় নির্বাহে অর্থ বিভাগের অনাপত্তি জ্ঞাপন
- সশস্ত্র বাহিনী দিবস-২০১৬ উপলক্ষে সশস্ত্র বাহিনী বিভাগে আয়োজিত সম্বর্ধনা অনুষ্ঠানে বীরশ্রেষ্ঠদের উত্তরাধিকারী এবং অন্যান্য খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধা/উত্তরাধিকারীদেরকে অনুদান বাবদ ২৫.০৫ লক্ষ টাকা অগ্রিম উত্তোলন অনুমোদন
- প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক বিদেশী অতিথিদের আপ্যায়ন বাবদ ১.২৮ লক্ষ টাকা ঘটনাত্তোর ব্যয়ে সম্মতি প্রদান
- বিভিন্ন গুরুত্বপূর্ণ রাষ্ট্রীয় মামলাসমূহ পরিচালনা ও সরকারের পক্ষে কার্যকরভাবে প্রতিদ্বন্দ্বিতার জন্য বেসরকারি আইনজীবী নিয়োগে সম্মতি জ্ঞাপন
- মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয়ের রিট পিটিশন নং-৮৯৯৮/২০১৬ এর জবাব প্রণয়ন
- বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ এবং অধীনস্ত অধিদপ্তর/সংস্থা কর্তৃক বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পের আওতায় প্রশিক্ষণ/সেমিনার ওর্য়াকশপ সংক্রান্ত কর্মকান্ড পরিচালনা ও ব্যয়ের হার নির্ধারণের বিষয়ে মতামত প্রদান
- যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানের (বিকেএসপির) দৈনিক সম্মানী /মুজরীর বৃদ্ধির বিষয়ে মতামত প্রদান

- সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের জন্য ১টি করে সর্বমোট ৪৯০টি ডিজিটাল হাজিরা মেশিন টিওএন্ডইতে অন্তর্ভুক্তকরণে সম্মতি প্রদান
- পরিবার পরিকল্পনা স্থায়ী ও দীর্ঘমেয়াদী পদ্ধতি গ্রহীতা, সরকারি ও বেসরকারি সংস্থার সেবা প্রদানকারী, সাহায্যকারী ও ব্যবস্থাপকদের তাৎক্ষণিক ভাতাদি/ফিসহ আনুসাংগিক ব্যয়ের হার নির্ধারণে সম্মতি প্রদান
- বিভিন্ন ধরনের যানবাহনের ক্রয়মূল্য নির্ধারণ সম্পর্কিত পত্র জারি
- প্রতিবছর ৬ এপ্রিলকে 'জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ দিবস' ঘোষণা ও পালনের জন্য দিবসটিকে মন্ত্রিপরিষদ বিভাগের পরিপত্রের "গ' ক্যাটাগরীতে অন্তর্ভুক্তিতে সম্মতি প্রদান
- ব্যয় নিয়ন্ত্রণ ও অভ্যন্তরীণ নিরীক্ষা অনুবিভাগের কাজের সাথে সংশ্লিষ্ট ব্রিটিশ/পাকিস্তান আমল থেকে যে সকল আইন/বিধি-বিধান/নীতিমালা বর্তমানে কার্যকর আছে তার তালিকা প্রণয়ন
- পিআরএল ভোগরত ও বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে নিয়োজিত সরকারের সিনিয়র সচিব/সচিবগণের বাসভবনের জন্য ১ টি বাবুর্চি ও ১ টি করে নিরাপত্তা প্রহরীর পদ সৃজনের বিষয়ে অর্থ বিভাগের নীতিগত সম্মতি জ্ঞাপন
- বাসভবন আসবাবপত্র দ্বারা সুসজ্জিতকরণের মঞ্জুরি মাননীয় প্রধান বিচারপতির ক্ষেত্রে ২.০০ লক্ষ টাকা হতে ৬.০০ লক্ষ টাকায় এবং অন্যান্য মাননীয় বিচারপতিগণের ক্ষেত্রে ১.০০ লক্ষ টাকা হতে ২.০০ লক্ষ টাকায় বৃদ্ধিকরণ
- আইন ও বিচার বিভাগের অধীনস্ত নিবন্ধন পরিদপ্তরকে অধিদপ্তরে রূপান্তর এবং ৪৯১ টি পদ (তন্মধ্যে ৪৭৪টি পদ আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োগযোগ্য) অস্থায়ীভাবে রাজস্বখাতে সৃজনে সম্মতি প্রদান
- স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে 'জননিরাপত্তা বিভাগ' ও 'সুরক্ষা সেবা বিভাগ' নামে ২টি বিভাগ গঠন এবং উক্ত বিভাগদ্বয়ের জন্য যথাক্রমে ২০০ ও ২৬০টি সহ মোট ৪৬০টি পদ সৃজন
- ৫টি বিভাগে (রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট ও রংপুর) 'সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল' গঠন এবং তা পরিচালনার জন্য ৩০টি পদ সৃজন
- সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন ঢাকা সড়ক সার্কেলকে বিভক্ত করে নতুন নারায়ণগঞ্জ সড়ক সার্কেল ও যশোর সড়ক সার্কেলকে বিভক্ত করে যশোর ও কুষ্টিয়া ২টি পৃথক সার্কেল গঠন এবং বিদ্যমান খাগড়াছড়ি সড়ক সার্কেল বিলুপ্তকরণে সম্মতি প্রদান
- মুন্সিগঞ্জ জেলার গজারিয়া এবং বরিশাল জেলার মেহেন্দীগঞ্জের হিজলায় কোস্টগার্ডের ২টি স্টেশন স্থাপন এবং এর কার্যক্রম পরিচালনার জন্য ৮০টি পদ রাজস্বখাতে অস্থায়ীভাবে সৃজন
- ময়মনসিংহ বিভাগের বিভাগীয় সমবায় কার্যালয় স্থাপন এবং রাজস্বখাতে ২৫টি পদ সৃজনে অর্থ বিভাগের সম্মতি প্রদান
- সড়ক ও জনপথ অধিদপ্তরের ২,৬৬৭ জন ওয়ার্কচার্জড কর্মচারীকে রাজস্বখাতের শূণ্য পদে নিয়মিতকরণে সম্মতি প্রদান
- শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন শ্রম পরিদপ্তরকে অধিদপ্তরে উন্নীতকরণ, অস্থায়ীভাবে রাজস্ব খাতে ২০৯টি নতুন পদ সৃজন, ১৩৩টি পদের পদবী পরিবর্তন, ৪৫টি পদের পদমর্যাদা উন্নীতকরণ, ১৭টি পদ বিলুপ্তকরণ এবং যানবাহন ও অফিস সরঞ্জামাদি টিওএন্ডইভূক্তকরণে অর্থ বিভাগের সম্মতি প্রদান
- বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীন বস্ত্র পরিদপ্তরকে অধিদপ্তরে উন্নীতকরণ এবং অস্থায়ীভাবে রাজস্বখাতে ৮৪টি পদ সৃজনে সম্মতি প্রদান
- বর্ডার গার্ড বাংলাদেশের টিওএন্ডইতে ১০টি ইন্টিগ্রেটেড চেকপোস্ট, ৬টি ল্যান্ড কাস্টমস পোর্ট, ১টি চেকপোস্ট (বাসকল) এবং ১টি বর্ডার হাট (বালিয়ামারি) এর জন্য ১৮টি ডগ স্কোয়াডে ৪টি করে মোট ৭২টি ডগ, এবং ১টি Vehicle X-ray Scanner মেশিন টিওএন্ডইভুক্তকরণে সম্মতি প্রদান
- দুবাই, টোকিও, বেইজিং, মাদ্রিদ, লসএঞ্জেলস, কুয়ালামপুরস্থ বাংলাদেশ দূতাবাসের বাণিজ্যিক উইং-এর গাড়ী প্রতিস্থাপনের লক্ষ্যে নতুন গাড়ী ক্রয় এবং কাতার, নিউইয়র্ক, দুবাই, ওমান, অটোয়া, বার্মিংহাম, ওয়াশিংটন, কুয়েত, আবুধাবী, রিয়াদ, কুয়ালালামপুর, সিংগাপুর, লন্ডন ও রোমস্থ বাংলাদেশ দূতাবাসে নব্যসৃষ্ট "পার্সপোর্ট ও ভিসা" উইং-এর জন্য যানবাহন ক্রয়ের অনুমোদন
- জাতিসংঘ শান্তিরক্ষা মিশন (এফপিইউ)-এর অপারেশনাল কাজে ব্যবহারের জন্য আন্তর্জাতিক দরপত্রের মাধ্যমে ০৪টি এপিসি (কঙ্গো মিশনের জন্য-২টি, দারফুর মিশনের জন্য- ২টি) এবং বিভিন্ন ধরনের ৬৬টি যানবাহন ক্রয়ের অনুমোদন

- কপিরাইট অফিসের রেজিস্ট্রার অব কপিরাইট, কপিরাইট ডেপুটি রেজিস্ট্রার, কপিরাইট সহকারী রেজিস্ট্রার পদের পদনাম পরিবর্তন করে যথাক্রমে কপিরাইট নিবন্ধক, কপিরাইট উপ-নিবন্ধক, কপিরইট সহকারী নিবন্ধক নামকরণে সম্মতি প্রদান
- প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ দূতাবাস, লেবানন-এ শ্রম উইং স্থাপন এবং শ্রম উইংয়ের জন্য ৩টি পদ আদেশ জারির তারিখ থেকে অস্থায়ীভাবে বছর বছর সংরক্ষণের ভিত্তিতে সৃজনের এবং যানবাহন ও অফিস সরঞ্জামাদি টিওএন্ডইতে অন্তর্ভূক্তকরণে অর্থ বিভাগের সম্মতি প্রদান